

 ভিডিও

 সাক্ষাৎকাৰ

 ছবি

ভৰ্তি

নটর ডেম কলেজ: একাদশে ভৰ্তিতে আবেদন ২৫ মে ৰাত থেকে, যোগ্যতাৰ
শৰ্ত প্ৰকাশ, আসন ৩২৭০

নিজস্ব প্ৰতিবেদক ঢাকা

প্রতিবছরের মতো এবারও দেশের অন্যতম শিক্ষাপ্রতিষ্ঠান নটর ডেম কলেজ নিজস্ব প্রক্রিয়ায় ভর্তির আবেদন গ্রহণ করবে। নটর ডেম কলেজে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির আবেদন করতে হবে অনলাইনে। নিজস্ব প্রক্রিয়ায় ভর্তির জন্য জিপিএসহ যোগ্যতার শর্ত প্রকাশ করা হয়েছে। এ কলেজে ভর্তি হতে আগ্রহী শিক্ষার্থীদের আবেদন করতে হবে ২৫ মে দিবাগত রাত ১২টা ১ মিনিট (২৬ মে) থেকে। গতকাল শুক্রবার কলেজের একাদশ শ্রেণিতে ভর্তিসংক্রান্ত এক বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ৩০ মে বিকেল ৫টা পর্যন্ত নটর ডেম কলেজের নিজস্ব ওয়েবসাইট ndc.edu.bd থেকে অনলাইনে আবেদন করতে পারবে শিক্ষার্থীরা। আবেদনের পর প্রবেশপত্র প্রিন্ট আউট কপি সংগ্রহ করতে হবে। ভর্তি আবেদনের নিয়মাবলি কলেজের ওয়েবসাইটে দেওয়া আছে। অনলাইন আবেদন করার সময় ভর্তি পরীক্ষার ফি বাবদ অফেতযোগ্য ৪০০ টাকা বিকাশের মাধ্যমে পাঠাতে হবে। পুনর্নিরীক্ষণে ফল পরিবর্তন হয়ে ভর্তি আবেদনে ন্যূনতম যোগ্যতা অর্জন করলে পুনর্নিরীক্ষণে ফল প্রকাশের দুই দিনের মধ্য কলেজ অফিসে সরাসরি যোগাযোগ করতে হবে। ভর্তির ক্ষেত্রে ক্ষুদ্র নৃগোষ্ঠী ও মিশনারি কর্তৃক পরিচালিত প্রত্যন্ত এলাকার স্কুল বিবেচনায় আনা হবে।

আবেদনের ন্যূনতম যোগ্যতা

By using this site, you agree to our Privacy Policy.

বিজ্ঞান বিভাগ: বাংলা মাধ্যম ও ইংরেজি ভাসন (উচ্চতর গণিতসহ) জিপিএ-৫, মানবিক বিভাগ জিপিএ-৩ ও ব্যবসায় শিক্ষা বিভাগ জিপিএ-৪। এসএসসিতে বাংলা মাধ্যমের শিক্ষার্থীরা ইংরেজি ভাসনের জন্য আবেদন করতে পারবে না। ও লেভেল শিক্ষার্থীদের আবেদন গ্রহণ করা হয় না।

বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে

বিজ্ঞান বিভাগ থেকে ব্যবসায় শিক্ষা বিভাগে জিপিএ-৪.৫০, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে মানবিক বিভাগে জিপিএ-৩.৫০।

আসনসংখ্যা

• বিজ্ঞান বিভাগ- বাংলা মাধ্যম-১৮০০, ইংরেজি ভাসন- ৩০০, মানবিক বিভাগ-৪১০ ও ব্যবসায় শিক্ষা বিভাগ-৭৬০।

* ভর্তি পরীক্ষা ও ভর্তির চূড়ান্ত মনোনয়ন

• আবেদনকারী সব প্রার্থীকে ভর্তির লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষার তারিখ ও সময় প্রবেশপত্রে পাওয়া যাবে।

* ভর্তি পরীক্ষার বিষয়গুলো

২০২৪ সালের এসএসসি পরীক্ষার সিলেবাস অনুযায়ী লিখিত পরীক্ষা হবে। যারা বিজ্ঞান শাখা থেকে মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় ভর্তির আবেদন করেছে, তাদের বিজ্ঞান শাখার প্রশ্নে এবং যারা ব্যবসায় শিক্ষা শাখা থেকে মানবিক শাখায় আবেদন করেছে, তাদের ব্যবসায় শিক্ষা শাখার প্রশ্নে পরীক্ষা দিতে হবে।

- বিজ্ঞান বিভাগে পরীক্ষার বিষয়: বাংলা, ইংরেজি, উচ্চতর গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও জীববিজ্ঞান।
- মানবিক বিভাগে পরীক্ষার বিষয়: বাংলা, ইংরেজি, আইসিটি ও সাধারণ জ্ঞান।
- ব্যবসায় শিক্ষা বিভাগে পরীক্ষার বিষয়: বাংলা, ইংরেজি, হিসাববিজ্ঞান, আইসিটি ও সাধারণ জ্ঞান।
- ভর্তি পরীক্ষা-সংক্রান্ত তথ্য

ভর্তি পরীক্ষা বিস্তারিত তথ্য ভর্তি পরীক্ষার প্রবেশপত্রে পাওয়া যাবে।

*নটর ডেম কলেজে ভর্তির বিস্তারিত দেখুন [এখানে](#)



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



By using this site, you agree to our Privacy Policy.



সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো

By using this site, you agree to our Privacy Policy.